বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৬/২৭৭

তারিখ ঃ ০৫ নভেম্বর ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরষ্কার-২০২৬ এর আবেদন পত্র প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

নিরাপদ ও শোভন কর্মপরিবেশে পরিবেশবান্ধব প্রযুক্তি ও দক্ষ জনশক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক দেশীয় বিভিন্ন শিল্প সেক্টরের কারখানাসমূহকে "পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরুষ্কার-২০২৬" প্রদান করা হবে। এ লক্ষ্যে সরকার ২৬ টি সেক্টরকে চিহ্নিত করেছে। চিহ্নিত ২৬ টি সেক্টরের মধ্যে তৈরী পোশাক (ওভেন), তৈরী পোশাক (নীট) ও টেক্সটাইল সেক্টর অর্ন্তভূক্ত রয়েছে।

আগ্রহী কারখানাসমূহকে আগামী ২০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম যথাযথ নিয়মে পূরণপূর্বক আবেদনের হার্ড কপি (উপসচিব, শ্রম শাখা, কক্ষ নং-৪৩০,ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) এবং সফ্‌ট কপি ই-মেইল (section5mole@gmail.com/ dslabour@moel.gov.bd) বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আরো উল্লেখ্য যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েভসাইট (mole.gov.bd) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েভসাইট (dife.gov.bd) হতে উক্ত আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জনাব মোহাম্মদ সাইদুর রহমান, উপসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মোবাইল নং-০১৭১২-২৩০৯৫০) কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরস্কারের জন্য মনোনয়ন ফরম

সেক্টরের নাম (বাংলায়) :

সেক্টরের নাম (ইংরেজিতে) :

১. কারখানা/ শিল্প প্রতিষ্ঠানের নাম (বাংলায়) :

২. কারখানা/ শিল্প প্রতিষ্ঠানের নাম (ইংরেজিতে ব্লক লেটারে) :

৩. প্রতিষ্ঠাকাল :

৪. কারখানা/ শিল্প প্রতিষ্ঠানের ঠিকানা :

৫. চেয়ারম্যান/ এমডি/ সিইও এর নাম :
(স্ট্যাম্প সাইজের তিন কপি ছবিসহ)
মোবাইল ফোন নম্বর :
ই-মেইল ঠিকানা :

৬. যোগাযোগকারী ব্যক্তির নাম :
(স্ট্যাম্প সাইজের তিন কপি ছবিসহ)
মোবাইল ফোন নম্বর :

৭. ই-মেইল ঠিকানা :

৮. কর্মরত শ্রমিকের সংখ্যা :

বছর (বিগত তিন বছর)	পুরুষ	নারী	মোট
২০২৫			
২০২৪			
২০২৩			

প্রতিষ্ঠানের পেশাগত স্বাস্থ্য, সেইফটি, শোভন কর্মপরিবেশ বিষয়ক অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি নিবন্ধ লিখে পাঠাতে হবে এবং ০৫ (পাঁচ) মিনিটের একটি ভিডিও চিত্র সংযোজন করতে হবে। (ডিভিডি অথবা পেনড্রাইভ-এ)

নিম্নোক্ত প্রযোজ্য ঘরে অনুস্বাক্ষর করুন ও ক্রম অনুসারে প্রমাণক সংযুক্ত করুন

টীকা: প্রশ্নভিত্তিক প্রাপ্ত মানবন্টন: ০২=পূর্ণ প্রতিপালন, ১.৫=প্রতিপালন, ১.০=আংশিক প্রতিপালন, ০.৫=প্রাথমিক প্রতিপালন, ০=শূন্য প্রতিপালন

(ক)	অপরিহার্য প্রতিপালন: ৪০ নম্বর (২০ ×২)	প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান					প্রমাণকের ক্রমিক নম্বর
		২.০	১.৫	১.০	০.৫	০	
১	প্রতিষ্ঠানের কোনো ভবন, অংশবিশেষ, চলাচলের পথ বা যন্ত্র, জীবন ও নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ কি না?						
২	প্রতিষ্ঠানটি সামগ্রিকভাবে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত কি না?						
৩	আইন ও বিধি মোতাবেক কর্মকক্ষে পর্যাপ্ত ও কার্যকর বায়ু, চলাচল, আলোক ব্যবস্থা, সহনীয় শব্দমাত্রা এবং আরামদায়ক উষ্ণতা বজায় রাখা হয় কি না?						
৪	আইন ও বিধি মোতাবেক রেজিস্টার্ড ডাক্তার ও নার্স আছে কি না?						
৫	আইন ও বিধি মোতাবেক শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানো হয় কি না এবং পেশাগত ব্যাধি সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করা হয় কি না?						
৬	সকল দুর্ঘটনা (প্রাণঘাতী, গুরুতর ও সামান্য) এবং বিপজ্জনক ঘটনার বিষয়গুলি যথাযথ কর্তৃপক্ষসমূহকে জানানো হয় কি না এবং এ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করা হয় কি না?						
৭	অগ্নিনির্বাপণ ব্যবস্থা এবং বৈদ্যুতিক ফিটিংস স্থাপন ছাড়াও অগ্নি দুর্ঘটনা এড়াতে সর্বাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার হয়েছে কি না?						
৮	বহির্গমন পথের নকশা (Evacuation plan) প্রদর্শন করার ব্যবস্থা আছে কি না?						
৯	আইন ও বিধি মোতাবেক নিয়মিত অগ্নিনির্বাপন প্রশিক্ষণ এবং মহড়া আয়োজন করা হয় কি না?						
১০	কর্মরত শ্রমিকগণকে তাদের কাজের ধরণ অনুযায়ী উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (PPE) সরবরাহ এবং ব্যবহার নিশ্চিত করা হয় কি না?						
১১	কারখানাতে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার করা হয় কি না?						
১২	কারখানায় নিয়মিত Hazard Identification and Risk Management করা হয় কি না?						
১৩	আইন ও বিধি মোতাবেক অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে অর্থ জমা করা হয় কি না এবং শ্রমিকগণকে যথাযথভাবে প্রদান করা হয় কিনা?						
১৪	কারখানা নির্মাণে নির্দিষ্ট পরিমাণ খোলা জায়গা রাখা হয়েছে কি						

	না?						
১৫	আইন ও বিধি মোতাবেক মজুরি ও বেতন যথাসময়ে প্রদান করা হয় কি না?						
১৬	স্বাস্থ্যের জন্য অনিষ্টকর বা অস্বস্তিকর এমন ধুলা-বালি, ধোঁয়া বা দূষিত বস্তু জমা হওয়া ও উহার শ্বসন প্রতিরোধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয় কি না?						
১৭	আইন ও বিধি মোতাবেক সুপেয় পানির ব্যবস্থা আছে কি না?						
১৮	আইন ও বিধি মোতাবেক নারী ও পুরুষের জন্য পৃথক শৌচাগার, প্রক্ষালনকক্ষ ও ধৌতকরণ সুবিধা বিদ্যমান কি না এবং তা যথাযথ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা আছে কি না?						
১৯	পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী কারখানার শব্দ, বায়ু, তাপ সম্পর্কিত দূষণ রোধকরণ ব্যবস্থাপনা আছে কি না?						
২০	রাসায়নিক জাতীয় পদার্থ মজুদ যথাযথভাবে করা হয় কি না এবং বৈশিষ্ট্যসহ প্রতীক তালিকা দৃশ্যমান স্থানে আছে কি না?						

(খ)	পরিবেশগত প্রতিপালন: ২০ নম্বর (১০ ×২)	প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান					প্রমাণকের ক্রমিক নম্বর
		২.০	১.৫	১	০.৫	০	
১	বিদ্যুৎ/ গ্যাস/ বি.পি.সি/ পরিবেশ/ বয়লার/ বিএসটিআই/রাজউক/এফএসসিডি/বিসিআইসি/বিস্ফোরক ইত্যাদি বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন এবং তা হালনাগাদ আছে কি না?						
২	বর্জ্য ব্যবস্থাপনায় '3R' নীতি-(রিডিউস, রিইউজ, রিসাইকেল) বাস্তবায়ন করা হয় কি না?						
৩	কার্যকর ইটিপি ব্যবস্থা আছে কি না এবং পরিশোধিত পানির মানমাত্রা (pH, DO, BOD, COD, TDS) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত পরিসীমার মধ্যে আছে কি না?						
৪	বৃষ্টির পানি সংরক্ষণ করে তা ব্যবহার করা হয় কি না?						
৫	ব্যবহৃত পানির পরিমাপ ও রেকর্ড সংরক্ষণ এবং পানি পুনর্ব্যবহার করা হয় কি না?						
৬	কারখানাতে পরিবেশবান্ধব সামগ্রী ব্যবহার করা হয় কি না?						
৭	কার্বন নিঃসরণ এর মাত্রা সহনীয় পর্যায়ে রাখা হয় কি না?						
৮	সকল স্থায়ী আধার, সেপটিক ট্যাংক, জলাধার, কূঁপ, গর্ত বা সুড়ঙ্গ, নিরাপদ ঢাকনা বা ঘেরাযুক্ত রয়েছে কি না?						
৯	বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করা হয় কি না?						
১০	কারখানাটির জিরো ডিসচার্জ প্ল্যান্ট কার্যকর আছে কিনা?						

(গ)	প্রাতিষ্ঠানিক প্রতিপালনঃ ৩০ নম্বর (১৫×২)	প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান					প্রমাণকের ক্রমিক নম্বর
		২.০	১.৫	১.০	০.৫	০	
১	কার্যকর সেইফটি কমিটি আছে কি না?						
২	কর্মকালীন দুর্ঘটনার ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের পূর্ণ আরোগ্য পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা সেবা এবং প্রয়োজনীয় ক্ষতিপূরণ মালিক কর্তৃক প্রদান করা হয় কি না?						
৩	ট্রেড ইউনিয়ন/অংশগ্রহণকারী কমিটি আছে কি না?						
৪	ভবনের সকল সিঁড়ি ছাদে গিয়ে খোলা আছে কি না?						
৫	বিভিন্ন কমিটি ও পদে আনুপাতিক হারে নারী নেতৃত্বসহ নারী কর্মীদের নিয়োগ/পদোন্নতির কার্যক্রম রয়েছে কি না?						
৬	সামাজিক নিরাপত্তা বিধান (গ্রুপ বীমা, ভবিষ্য তহবিল) ও প্রযোজ্য ক্ষেত্রে কোম্পানির মুনাফায় শ্রমিকের অংশ নিশ্চিত করা হয় কি না?						
৭	শ্রমিক কল্যাণে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় কোন ধরনের উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না?						
৮	আইন ও বিধি মোতাবেক মাতৃত্বকালীন সুবিধা প্রদানসহ মাতৃত্বকল্যাণ ছুটি প্রদান করা হয় কি না?						
৯	আইন ও বিধি মোতাবেক শিশুকক্ষ এবং মাতৃদুগ্ধ পানের কর্ণার আছে কি না?						
১০	আইন ও বিধি মোতাবেক ক্যান্টিন/খাবার কক্ষের ব্যবস্থা আছে কি না?						
১১	কর্মে নিয়োগসহ প্রতিবন্ধী শ্রমিকদের ক্ষেত্রে আইনানুগ সুবিধা প্রদান করা হয় কি না?						
১২	আইন ও বিধি মোতাবেক কর্মঘন্টা, ওভারটাইম, ছুটি, যথাসময়ে প্রদান করা হয় কি না?						
১৩	শ্রমিকদের এরগোনোমিক স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা আছে কি না?						
১৪	কর, গ্যাস, বিদ্যুৎ, পানি, টেলিফোন ও অন্যান্য ইউটিলিটি বিল নিয়মিত পরিশোধ করা হয় কি না?						
১৫	বিধি মোতাবেক যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে অভিযোগ কমিটি গঠন করা হয়েছে কি না ও তা কার্যকর আছে কি না?						

(ঘ)	উদ্ভাবনী ও আনুষঙ্গিক কার্যক্রমঃ ১০ নম্বর (৫×২)	প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান					প্রমাণকের ক্রমিক নম্বর
		২.০	১.৫	১.০	০.৫	০	
১	গত তিন বছরে নতুন কর্মসংস্থান তৈরি হয়েছে কি না?						
২	শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় কি না?						
৩	সামাজিক কল্যাণে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না? হয়ে থাকলে ব্যয়িত অর্থের পরিমান						
৪	পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সংক্রান্ত উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ হয় কি না?						
৫	শ্রমিকদের চিত্তবিনোদনের জন্য কোন ব্যবস্থা আছে কি না?						

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পরিদর্শন চেকলিস্টে বিগত তিন বছরের প্রাপ্ত গড় নম্বর:

বিগত ৩ (তিন) বছরের বৈদেশিক মুদ্রা অর্জনের পরিমাণ (যদি থাকে):

দেশীয় অর্থনীতিতে অবদান (১০০ শব্দের মধ্যে বিবরণ প্রদান করুন):

অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ ফরম গ্রহণযোগ্য নয়। কারখানা নির্বাচনের ক্ষেত্রে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(সাক্ষর)
নাম, পদবী ও সিলমোহর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা

'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরস্কার-২০২৬'

নিরাপদ ও শোভন কর্মপরিবেশে পরিবেশবান্ধব প্রযুক্তি ও দক্ষ জনশক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক দেশীয় বিভিন্ন শিল্প সেক্টরের কারখানাসমূহকে 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য উৎকর্ষ পুরস্কার-২০২৬' প্রদান করা হবে।

এ লক্ষ্যে ২৬টি সেক্টর চিহ্নিত করা হয়েছে- যথা: ১. তৈরি পোশাক (ওভেন), ২. তৈরি পোশাক (নিট), ৩. টেক্সটাইল, ৪. চামড়া শিল্প (ফিনিশড গুডস), ৫. চামড়া শিল্প (ট্যানারি), ৬. ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ, ৭. খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা (ফুড এন্ড বেভারেজ), ৮. চা শিল্প, ৯. প্লাস্টিক কারখানা, ১০. সিমেন্ট কারখানা, ১১. টাইলস এন্ড সিরামিক ইন্ডাস্ট্রিজ, ১২. ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স পণ্য প্রস্তুতকারক ইন্ডাস্ট্রিজ, ১৩. স্টিল মিল, ১৪. আইটি শিল্প, ১৫. রাইস মিল, ১৬. জুট মিল, ১৭. চিংড়ি শিল্প, ১৮. কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ, ১৯. প্রসাধনী কারখানা, ২০. অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ, ২১. লাইট ইঞ্জিনিয়ারিং এন্ড মোল্ডিং কারখানা, ২২. এক্সেসরিজ এন্ড ব্যাকওয়ার্ড লিংকেজ কারখানা, ২৩.শিপ বিল্ডিং ইন্ডাস্ট্রিজ, ২৪. শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রিজ, ২৫. গ্লাস ইন্ডাস্ট্রিজ এবং ২৬. এনার্জি ও পাওয়ার সেক্টর।

আগ্রহী কারখানাসমূহকে আগামী ২০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম নিয়মে (আবেদন ফরমে উল্লিখিত) পূরণপূর্বক আবেদনের হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর (কক্ষ নং-৪৩০, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এবং সফট কপি ই-মেইলে (section 5mole@gmail.com/dslabour@mole.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়া, সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য এবং সহযোগিতার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (mole.gov.bd) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইট (dife.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

(মোহাম্মদ সাইদুর রহমান)
উপসচিব
মোবাইল- ০১৭১২-২৩০৯৫০
ফোন-০২-৪৭১১৯৫৪৪

ডিজি-২০৪১/২৬ (৯"×৩ক)